দৈনিক বাংলা

তারিখ 05 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

৭

# প্রকৌশল ভার্সিটি ১১ জুলাই আবার খুলছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস আগামী ১১ জুলাই থেকে পুনরায় শুরু হচ্ছে। গত ৪ জুন প্রকৌশল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একজন ছাত্র নিহত

(৪–এর পৃঃ ৩–এর কঃ দ্রঃ)

## প্রকৌশল ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

হবার পর ক্যাম্পাসের স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত হওয়ায় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেন।

বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলি আগামী ১০ জুলাই সকাল ৯টায় খুলে দেয়া হবে।

কোর্স পদ্ধতির ছাত্রছাত্রীদের টার্ম ফাইনাল পরীক্ষাসমূহ আগামী ২৩ জুলাই শুরু হবে। পরীক্ষার সময়সূচী ইতিমধ্যে জানিয়ে দেয়া হয়েছে।